দৈনিক বাংলা

তারিখ 25 SEP 1987 ... পৃষ্ঠা ... কলাম ...

40

# কড়া পাহারায় ভার্সিটির পরীক্ষা শুরু

(স্টাফ রিপোর্টার)

কড়া পুলিশ প্রহরায় গতকাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থগিত পরীক্ষাসমূহ পুনরায় শুরু হয়েছে। এসব পরীক্ষা এ পর্যন্ত ৭ বার পিছিয়েছে। স্থগিত এসব পরীক্ষা দিতে ছাত্র ছাত্রীরা গতকাল অক্টোবরের মত পরীক্ষা হলে বসেন।

বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, কলা,

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## [পরী]ক্ষা শুরু

(প্রথম পৃঃ পর)

সামাজিক বিজ্ঞান, বিজ্ঞান ও জীব বিজ্ঞান অনুষদের ১৯৮৫ সালের তৃতীয় বর্ষ অনার্স কোর্স ফাইনাল ও মাস্টার ডিগ্রীর এসব স্থগিত পরীক্ষা গতকাল শান্তিপূর্ণভাবে শুরু হয়েছে। সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি ও বিভাগীয় শিক্ষকদের তত্ত্বাবধানে পরিচালিত পরীক্ষাসমূহে শৃংখলা বজায় সর্বাত্মক ব্যবস্থা গৃহীত হয়েছে।

পরীক্ষা শুরুর প্রথম দিনে গতকাল কলা, সমাজবিজ্ঞান, বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের পরীক্ষা হলগুলোর আশপাশে পুলিশ মোতায়েন করা হয়। পরীক্ষা শুরুর পর ভাইস-চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান-এর নেতৃত্বে প্রক্টর, ডীন, বিভাগীয় চেয়ারম্যান ও প্রবীণ শিক্ষকদের একটি পরিদর্শক দল পরীক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শন করেন।

**ছাত্রাবাস পরিস্থিতি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে এখনো অধিকাংশ ছাত্র-ছাত্রী ফেরেনি। হলের গেটে গেটে পুলিশ রয়েছে। আবাসিক শিক্ষকরা নিয়মিত হলগুলো পরিদর্শন, রোলকল ও ছাত্র-ছাত্রীদের কাগজপত্র চেকিং অব্যাহত রেখেছেন।